**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ / ২৭ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ।

**এস.আর.ও. নং-১৭৪-আইন/২০২৫/৩০২-মূসক।**— সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর First Schedule এর কলাম (1) এর শিরনামা সংখ্যা (Heading No.) 85.07 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত সংশ্লিষ্ট সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর আওতায় কেবল লিথিয়াম (Lithium) ব্যাটারি ও গ্রাফিন (Graphene) ব্যাটারি, অতঃপর উক্ত পণ্য বলিয়া উল্লিখিত, এর স্থানীয় উৎপাদন পর্যায়ে যথাক্রমে, ৩০ জুন, ২০২৭ খ্রিষ্টাব্দ পর্যন্ত সমুদয় মূল্য সংযোজন কর, ১ জুলাই, ২০২৭ খ্রিষ্টাব্দ হইতে ৩০ জুন, ২০৩০ খ্রিষ্টাব্দ পর্যন্ত ৫ (পাঁচ) শতাংশ এর অতিরিক্ত মূল্য সংযোজন কর এবং উক্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত প্রয়োজনীয় উপকরণ আমদানি ও স্থানীয়ভাবে ক্রয়ের ক্ষেত্রে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর (আগাম কর সহ) ও সম্পূরক শুল্ক (প্রযোজ্য ক্ষেত্রে) নিম্নবর্ণিত শর্তাবলি পরিপালন সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা:-

**শর্তাবলি:**

(১) **লিথিয়াম ব্যাটারি উৎপাদনের ক্ষেত্রে:**

(ক) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের Electrode Preparation প্রক্রিয়া সম্পন্ন করিবার লক্ষ্যে ন্যূনতম মেশিনারি যেমন- Feeding, Mixing, Binder Mixer, NMP Tank, Slurry Transfer System, Buffer Tank, Coating With Baking Oven, Calendering Machine, Auto-Slitting Machine নিজস্ব প্রাঙ্গনে স্থাপিত থাকিতে হইবে;

(খ) Electrode Preparation সম্পন্নের লক্ষ্যে ন্যূনতম Mixing, Coating, Calendaring, Slitting, Electrode, Die Cutting প্রক্রিয়া সম্পন্ন করিতে হইবে;

(গ) Electrode Preparation সম্পন্নের লক্ষ্যে ন্যূনতম উপকরণ যেমন- Lithium Nickel-Cobalt-Manganate, Lithium Iron phosphate, N-Methylpyrrolidone, Lithium Manganate, Artificial Graphie, Polyvinylidene Fluoride, Aluminium Foil, Copper Foil, Graphite, SBR, Carvoxymethylcellulose, N-Methylpyrrolidone ব্যবহার করিতে হইবে;



Downloaded from www.taxvatpoint.com

(ঘ) Cell Assembly প্রক্রিয়া সম্পন্ন করিবার লক্ষ্যে ন্যূনতম মেশিনারি যেমন- Auto Winding & Tab Welding Machine, Auto Film Wrapping Machine, Spot Welder, Automatic Assembly Line নিজস্ব প্রাঙ্গনে স্থাপিত থাকিতে হইবে;

(ঙ) Cell Assembly প্রক্রিয়া সম্পন্ন করিতে ন্যূনতম উপকরণ যেমন- Electrode, Aluminium Strip, Nickel Strip, Separator, Coated Performance Tape, Coated Performance Tape (anode), Coated Performance Tape (cathode), Heat-shrinkable tube, Steel Shell, Combination Cap, Cover Board, PET insulating mat, PET spacing ring (Down) ব্যবহার করিতে হইবে;

(চ) Baking, Injection Electrolyte, Formation & Grading প্রক্রিয়া সম্পন্ন করিবার লক্ষ্যে ন্যূনতম মেশিনারি যেমন- Jelly Roll Baking, Cleaning Machine, Injection Machine, Sealing Machine, Formation Machine-Cylindrical, Grading Machine-Cylindrical, Film Shrinking Machine, Lebel & Code Printing নিজস্ব প্রাঙ্গনে স্থাপিত থাকিতে হইবে;

(ছ) Baking, Injection Electrolyte, Formation & Grading প্রক্রিয়া সম্পন্ন করিতে ন্যূনতম উপকরণ যেমন- Anti Rust Oil, Electrolyte ব্যবহার করিতে হইবে;

(জ) মেটাল হাউজিং উৎপাদনের লক্ষ্যে ন্যূনতম মেশিনারি যেমন- CNC, Tube Bender, Tube Notcher, Welding Machine, Hydraulic Press, Plasma Cutter/CNC Laser Cutter, Surface Finishing Machine নিজস্ব প্রাঙ্গনে স্থাপিত থাকিতে হইবে। উক্ত পণ্য উৎপাদনে ন্যূনতম উপকরণ Plain Metal Sheet, Flat-rolled Products, Seamless Tube, Pipe, Rod, Bars, Hollow Profile ব্যবহার করিতে হইবে; এবং

(ঝ) প্লাস্টিক হাউজিং উৎপাদনের লক্ষ্যে ন্যূনতম মেশিনারি যেমন- Plastic Dryer & Loader, Mold Tooling, Dies, Injection Molding Machine, CNC, VMC, EDM, Mold Polishing, Grinding, Spotting, Drilling, Paint Booth, Curing System, Tensile, Salt Spray, Impact-Testers, Chiller নিজস্ব প্রাঙ্গনে স্থাপিত থাকিতে হইবে।

Downloaded from www.taxvatpoint.com



Downloaded from www.taxvatpoint.com

**(২) গ্রাফিন ব্যাটারি উৎপাদনের ক্ষেত্রে:**

(ক) উৎপাদনকারী প্রতিষ্ঠানের গ্রাফিন ব্যাটারি উৎপাদনের লক্ষ্যে ন্যূনতম মেশিনারি যেমন- Auto Lugs brushing and AGM Separator, Enveloping Machine, COS Machine/Welding Machine, Battery Boxing Machine with Robotic Arm, Cutting & Brushing Headset, Battery Short Circuit Tester, Resin Mixing Machine, Resin Filling Machine, Resin Drying Oven, Color filling machine for battery positive and negative terminal, Soldering Machine, Assembly line with non-motorized roller, DM Water Plant, Acid Mixing Machine, Battery Charging & Discharging Machine, Acid Filling Machine with transition roller, Acid Cooling Machine, Chain Conveyor for battery charging, Battery Lifting Trolley, Raw Acid Storage Tank, Dilute acid storage Tank, DM Water Storage Tank, Battery Charging Rack, Battery Leak Tester, Printing Machine, Batch Coding Machine, Battery Serial Number Fixing Machine, Battery Packing & Belting Machine, Chiller, ETP & ATP, Waste Acid Recycling Machine, Ultrasonic Machine, Battery testing machine নিজস্ব প্রাঙ্গনে স্থাপিত থাকিতে হইবে;

(খ) গ্রাফিন ব্যাটারির Plate Preparation, Plate Formation, AGM Separator Preparation, Resin Preparation, Electrolyte Preparation, Distilled Water Preparation প্রক্রিয়া সম্পন্ন করিতে হইবে। উক্ত প্রক্রিয়া সম্পন্ন করিতে ন্যূনতম উপকরণ যেমন- Glue, Epoxy Resin color, Phosphoric Acid ($H_3PO_4$), Sodium Hydroxide (NaOH), Hydrochloric Acid (HCl), Fume Silica (Colloidal Silica), Silicon Dioxide ($SiO_2$), Sodium Sulphate ($Na_2SO_4$), Magnesium Sulphate ($MgSO_4 \cdot 7H_2O$), Pure Lead, Lead Oxide, Red Lead, Sn-Alloy (Tin Alloy), Sb-Cd-Alloy, Ca-Alloy, Positive & Negative Plate, Electrode/Graphene, AGM Separator ব্যবহার করিতে হইবে; এবং

(গ) প্লাস্টিক হাউজিং উৎপাদনের লক্ষ্যে ন্যূনতম মেশিনারি যেমন- Plastic Dryer & Loader, Mold Tooling, Dies, Injection Molding Machine, CNC, VMC, EDM, Mold Polishing, Grinding, Spotting, Drilling, Paint Booth, Curing System, Tensile, Salt Spray, Impact-Testers, Chiller নিজস্ব প্রাঙ্গনে স্থাপিত থাকিতে হইবে।



Downloaded from www.taxvatpoint.com

(৩) লিথিয়াম ব্যাটারি উৎপাদনকারী প্রতিষ্ঠানকে শর্ত (১) পরিপালন করিতে হইবে এবং গ্রাফিন ব্যাটারি উৎপাদনকারী প্রতিষ্ঠানকে শর্ত (২) পরিপালন করিতে হইবে;

(৪) বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ বা ক্ষেত্রমত, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তপক্ষ, বাংলাদেশ হাই-টেক পার্ক হইতে সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী অথবা সংযোজনকারী প্রতিষ্ঠানকে নিবন্ধন গ্রহণ করিতে হইবে;

(৫) উক্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত Printed Circuit Board (PCB) প্রক্রিয়া সম্পন্ন করিতে ন্যূনতম মেশিনারিজ যেমন- Cutting Machines, V-Cut Machine, Drilling Machine, Routing Machine, Cleaning & Brushing, DES line, SM Developing Machine, Surface Finishing Machines, Electrical test machine নিজস্ব প্রাঙ্গনে স্থাপিত থাকিতে হইবে;

(৬) Printed Circuit Board (PCB) প্রক্রিয়া সম্পন্ন করিতে ন্যূনতম উপকরণ যেমন- Copper Clad Laminate, Electroplating salts and chemicals for PCB, Alkalineetchant, Tin stripper, Resist, Striper, Tin sulphate, Gold (GPC), Unexposed photosensitive plate, Unexposed photo Sensitive emulsion film, Photographic chemical, MDF ব্যবহার করিতে হইবে;

(৭) উক্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত Printed Circuit Board Assembly (PCBA) প্রক্রিয়া সম্পন্ন করিতে ন্যূনতম মেশিনারিজ যেমন- Automatic Soldering, Reflow, Wave Soldering, Inspection Machine, Functional Machines নিজস্ব প্রাঙ্গনে স্থাপিত থাকিতে হইবে;

(৮) Printed Circuit Board Assembly (PCBA) প্রক্রিয়া সম্পন্ন করিতে ন্যূনতম উপকরণ যেমন- Relay, Inductor, CPU chips, Integrated circuit, Capacitor, Resistor Cable Fitted With Connector, Transistor, Diode, Transformer ব্যবহার করিতে হইবে;

(৯) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের টেস্টিং, কোয়ালিটি কন্ট্রোল ও প্রি-ডেলিভারি ইন্সপেকশন এর ব্যবস্থা থাকিতে হইবে এবং তদ্‌লক্ষ্যে প্রয়োজনীয় মেশিনারিজ থাকিতে হইবে;

(১০) ব্যাটারি উৎপাদনের লক্ষ্যে উৎপাদনকারী প্রতিষ্ঠানকে সংশ্লিষ্ট পণ্য উৎপাদনে যথাযথ স্বাস্থ্য সুরক্ষা, বর্জ্য ব্যবস্থাপনা ও পরিবেশগত নিরাপত্তা নিশ্চিত করিতে হইবে এবং সে লক্ষ্যে উৎপাদনকারীর অনুকূলে ন্যূনতম ISO সনদ বা স্বীকৃত আন্তর্জাতিক মানের সনদ থাকিতে হইবে। একইসাথে পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত পরিবেশগত ছাড়পত্র থাকিতে হইবে;

Downloaded from www.taxvatpoint.com



Downloaded from www.taxvatpoint.com

(১১)	যথাযথ কাস্টমার সেবা প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধীনে বিক্রয়, খুচরা যন্ত্রাংশ ও নিজস্ব বিক্রয়োত্তর সেবা প্রদানের ব্যবস্থা থাকিতে হইবে;

(১২)	উৎপাদনকারী প্রতিষ্ঠানকে **'পরিশিষ্ট-ক'** মোতাবেক সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট মূল্য সংযোজনের স্বপক্ষে একটি ঘোষণা দাখিল করিতে হইবে এবং উক্ত ঘোষণার ভিত্তিতে উক্ত পণ্য প্রস্তুতকরণে কমপক্ষে ৩০ (ত্রিশ) শতাংশ মূল্য সংযোজন করিতে হইবে; এবং

(১৩)	উৎপাদনকারী প্রতিষ্ঠানে কর্মরত বাংলাদেশি জনবলের সংখ্যা ন্যূনতম ২৫০ (দুইশত পঞ্চাশ) জন থাকিতে হইবে।

২।	এই প্রজ্ঞাপনে উল্লিখিত অব্যাহতির সুযোগ গ্রহণের জন্য উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে অনুচ্ছেদ ১ এ উল্লিখিত শর্তাবলি পরিপালন করা হইবে মর্মে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদানপূর্বক আনুষঙ্গিক দলিলাদিসহ জাতীয় রাজস্ব বোর্ড, অতঃপর বোর্ড বলিয়া উল্লিখিত, এর নিকট আবেদন করিতে হইবে।

৩।	অনুচ্ছেদ ২ এর অধীন প্রাপ্ত আবেদন বিবেচনার জন্য নিম্নরূপ একটি কমিটি থাকিবে, যথা:-

(ক)	দ্বিতীয় সচিব (মূসক), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা;
(খ)	সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা;
(গ)	যে কোন প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর ইলেকট্রিক এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের একজন যথোপযুক্ত প্রতিনিধি; এবং
(ঘ)	সংশ্লিষ্ট মূসক সার্কেল এর রাজস্ব কর্মকর্তা।

৪।	অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত কমিটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক এবং সংশ্লিষ্ট দলিলাদি পর্যালোচনাপূর্বক এই প্রজ্ঞাপনে বর্ণিত শর্তাদি পূরণ বিষয়ে পরিদর্শন প্রতিবেদন বোর্ডে দাখিল করিবে।

৫।	অনুচ্ছেদ ৪ এর অধীন প্রতিবেদন প্রাপ্তির পর, বোর্ড প্রতিবেদন বিবেচনাপূর্বক, এই প্রজ্ঞাপনের শর্তাবলি যথাযথভাবে প্রতিপালিত হইয়াছে মর্মে সন্তুষ্ট হইলে, উক্তরূপ প্রতিবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে অনুচ্ছেদ ১ এ উল্লিখিত অব্যাহতি প্রদান করিতে পারিবে।

৬।	এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে, কোনো উৎপাদনকারীকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করিতে হইবে।

Downloaded from www.taxvatpoint.com



Downloaded from www.taxvatpoint.com

৭। অনুচ্ছেদ-১ এর শর্তাবলি পূরণ সাপেক্ষে অব্যাহতিপ্রাপ্ত হইলেও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অনুচ্ছেদ-৬ এর বিধানাবলি পরিপালন করিতে ব্যর্থ হইলে এই অব্যাহতি সুবিধা প্রাপ্য হইবে না।

৮। উক্ত প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনে বর্ণিত শর্তাবলি যথাযথভাবে প্রতিপালন করিতেছে কিনা উহা যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কমিশনার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে।

৯। অনুচ্ছেদ ৮ এর অধীন মূল্য সংযোজন কর কমিশনার কর্তৃক যাচাইকালে যদি তাহার নিকট প্রতীয়মান হয় যে, উক্ত প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনের কোনো শর্ত লঙ্ঘন করিতেছে, তাহা হইলে উহার বিরুদ্ধে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও কাস্টমস আইন, ২০২৩ এর বিধান অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাইবে এবং বোর্ড মূল্য সংযোজন কর অব্যাহতির সুবিধা বাতিল করিতে পারিবে।

১০। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৫ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে এবং ইহা ৩০ জুন, ২০৩০ খ্রিষ্টাব্দ পর্যন্ত বলবৎ থাকিবে।

Downloaded from www.taxvatpoint.com



Downloaded from www.taxvatpoint.com

**পরিশিষ্ট-ক**

১। করদাতার নাম:
২। ঠিকানা:
৩। ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা:
৪। ঘোষণার তারিখ :

| ক্রমিক নং | পণ্যের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (HS Code) | উৎপাদিত পণ্যের নাম ও বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে ব্র্যান্ড নেম সহ) | সরবরাহ /বিক্রয়ের একক | পণ্য উৎপাদনে ব্যবহার্য উপকরণ/ কাঁচামাল এবং প্যাকিং সামগ্রীর নাম ও বিবরণ | একক পণ্য উৎপাদনে ব্যবহার্য অপচয়সহ উপকরণ/কাঁচামাল ও প্যাকিং সামগ্রীর পরিমাণ (অপচয়ের পরিমাণ প্রথম বন্ধনীর মধ্যে আলাদাভাবে উল্লেখ করিতে হইবে) | কলাম (৬) এ বর্ণিত উপকরণ বা প্যাকিং সামগ্রীর মূল্য (আমদানিকৃত হলে শুল্কায়নযোগ্য মূল্য+শুল্ক+ সম্পূরক শুল্ক+এলসি ফি+ অবকাঠামো উন্নয়ন সারচার্জ/ স্থানীয় উৎপাদিত হইলে সম্পূরক শুল্কসহ মোট ক্রয়মূল্য (প্রদত্ত মূসক ব্যতীত)/আবগারি পণ্য হইলে আবগারি শুল্কসহ মোট মূল্য/ মূসক অব্যাহতিপ্রাপ্ত হইলে মোট ক্রয়মূল্য) | মূল্য সংযোজনের খাত/ আইটেমের নাম | প্রতি একক পণ্য মূল্যে কলাম (৮) এ উল্লিখিত প্রতিটি আইটেম বা খাতের অবদান/মূল্য সংযোজনের পরিমাণ | সম্পূরক শুল্ক আরোপযোগ্য মূল্য (যদি বিবেচ্য পণ্যের উৎপাদন পর্যায়ে সম্পূরক শুল্ক প্রযোজ্য থাকে) [কলাম (৭) ও (৯) এর যোগফল] | | কলাম (১১) এ প্রস্তাবিত মূল্যের উপর সম্পূরক শুল্কের পরিমাণ | মূসক আরোপযোগ্য মূল্য [কলাম (১১)+ কলাম (১২)] [বি:দ্র: যেক্ষেত্রে স্থানীয় পর্যায়ে সম্পূরক শুল্ক প্রযোজ্য নয় সেক্ষেত্রে [কলাম (৭)+(৯)] | | শুল্ক ও করসহ বিক্রয়মূল্য | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | বর্তমান | প্রস্তাবিত | | বর্তমান | প্রস্তাবিত | পাইকারি | মুদ্রিত খুচরা মূল্য (যদি থাকে) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৩) | (১৪) | (১৫) | (১৬) |
| | | | | | | | | | | | | | | | |

১। উক্ত টেবিলে প্রদত্ত তথ্যের সমর্থনে প্রমাণিক দলিলাদি এই ঘোষণাপত্রের সহিত সংযুক্ত করা হইয়াছে।
২। আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, এই প্রজ্ঞাপনে বর্ণিত অব্যাহতি সুবিধা গ্রহণকল্পে প্রদত্ত সকল তথ্য যথার্থ ও সত্য এবং ইহা নির্ধারণের অনুকূলে সকল দলিলাদি আমার এখাতিয়ারে রহিয়াছে।
৩। মূল্য সংযোজন কর কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত কোনো তদন্তে উপরিউক্ত ঘোষণা অসংগতিপূর্ণ বা অসত্য প্রতীয়মান হওয়ার ক্ষেত্রে বোর্ড অব্যাহতি সুবিধা বাতিল করিতে পারিবে ও প্রযোজ্য কর পরিশোধযোগ্য হইবে।

তারিখ:

**নিবন্ধিত ব্যক্তি/ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের স্বাক্ষর ও সিল**

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**(মোঃ আবদুর রহমান খান এফসিএমএ)**
**সচিব**

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com